

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 05-03-2026
Time: 07:35-07:40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

Vice President :

উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণন দুদিনের রাজ্য সফরের উদ্দেশ্যে এ মাসের সাত তারিখ মার্চ দুপুরে আগরতলায় পৌঁছবেন। আগরতলায় লোকভবনে রাজ্যপাল ইন্দ্র সেনা রেড্ডি নাল্লু উপরাষ্ট্রপতিকে নৈশভোজে আপ্যায়ন করবেন। শনিবার লোকভবনে রাত্রিয়াপনের পর উপরাষ্ট্রপতি ৮ই মার্চ রবিবার সকালে আগরতলায় অ্যালবার্ট একা ওয়্যার মেমোরিয়ালে বীর সোনালীদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করবেন। এরপর উদয়পুরে মাতা ত্রিপুরাসুন্দরী মন্দিরে পূজা দেবার পর আগরতলায় ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের ১৪তম সমাবর্তন উৎসবে যোগ দেবেন। ঐদিন দুপুরে উপরাষ্ট্রপতি আগরতলার হাঁপানিয়া আন্তর্জাতিক মেলা প্রাঙ্গণে স্ব সহায়ক দলের স্টল পরিদর্শন করবেন। সেখানে তিনি মহিলা স্ব সহায়ক দলের সদস্য ও লাখপতি দিদিদের সঙ্গে মতবিনিময় করবেন। এরপর ঐদিন দুপুরেই তিনি বিশেষ বিমানে নতুন দিল্লির উদ্দেশ্যে রওনা হবেন।

Jyotiraditya Scindia:

কেন্দ্রীয় উত্তর-পূর্বাঞ্চলের যোগাযোগ ও উন্নয়ন মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়া বলেছেন যে ভারত কেবল তার ১.৪ বিলিয়ন নাগরিকের জন্য নেটওয়ার্ক তৈরি করছে না, বরং বিশ্বের জন্য বিশ্বস্ত ডিজিটাল সেতুও তৈরি করছে। স্পেনের বার্সেলোনায় মোবাইল ওয়ার্ল্ড কংগ্রেস ২০২৬-এ ভারত প্যাভিলিয়নের উদ্বোধনকালে তিনি এই কথা বলেন। তিনি বলেন, ভারত বসুধৈব কুটুম্বকমের দর্শনের দ্বারা পরিচালিত হয়ে বিশ্বাস করে যে সংযোগ মানবতা ও অংশীদারিত্বকে শক্তিশালী করবে। শ্রী সিন্ধিয়া বলেন যে বিশ্ব

যখন আইকিউ যুগে সংযোগের ভবিষ্যত নিয়ে আলোচনা করছে, তখন ভারত বুদ্ধিমত্তা এবং অবকাঠামোর সংযোগস্থলে দাঁড়িয়ে আছে, যেখানে সংযোগের সাথে সামর্থ্যের মিল রয়েছে এবং উদ্ভাবনের সাথে অন্তর্ভুক্তির মিল রয়েছে।

CM :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ আগরতলা গভর্নমেন্ট মেডিকেল কলেজ ও জিবিপি হাসপাতালে বেশ কিছু অত্যাধুনিক পরিষেবার উদ্বোধন করবেন। তিনি জিবিপি হাসপাতালের নতুন কলেবরে আইসিইউ, প্রসূতি বিভাগের নতুন অপারেশন থিয়েটার, ট্রমা সেন্টারের নতুন অপারেশন থিয়েটারের উদ্বোধন করবেন। এরপর মুখ্যমন্ত্রী আগরতলা সরকারী মেডিকেল কলেজের কাউন্সিল রুমে সাংবাদিক বৈঠকে মিলিত হবেন।

CM- Khumulung :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, জনজাতি এলাকার সার্বিক উন্নয়নে রাজ্য সরকার আন্তরিকভাবে কাজ করছে। গতকাল খুমলুং-এ বিজেপি আয়োজিত এক সমাবেশে তিনি একথা বলেন। তিনি বলেন, রাজ্য সরকার জনজাতি অধ্যুষিত এলাকায় পরিকাঠামো উন্নয়ন, রাস্তা, পানীয় জল ও সামাজিক প্রকল্প বাস্তবায়নে বিশেষ অগ্রাধিকার দিয়ে কাজ করছে। সমাবেশে বক্তব্য রাখেন, পরিবহন মন্ত্রী সুশান্ত চৌধুরী, প্রদেশ বিজেপি সাধারণ সম্পাদক বিপিন দেববর্মা প্রমুখ। এর আগে মুখ্যমন্ত্রী খুমলুং-এ একটি রোড শো'তে অংশগ্রহণ করেন।

Sufficient Oil Reserves :

খাদ্য জন সম্ভরণ ও ক্রেতাস্বার্থ বিষয়ক দপ্তরের পক্ষ থেকে জানানো হয়েছে, রাজ্যে বর্তমানে যথেষ্ট পরিমাণে পেট্রোল, ডিজেল ও রান্নার গ্যাসের মজুত রয়েছে। দেশের প্রধান ওয়েল মার্কেটিং কোম্পানির তরফ থেকে প্রাপ্ত রিপোর্ট অনুযায়ী আপাতত দেশে পর্যাপ্ত পরিমাণে তেল মজুত রয়েছে। তাই জ্বালানি

তেল ও রান্নার গ্যাসের সংকট নিয়ে চিন্তার কোন কারণ নেই। খাদ্য দপ্তরের পক্ষ থেকে আরও জানানো হয়, রাজ্যে খাদ্য ও অন্যান্য নিত্য প্রয়োজনীয় পণ্য সামগ্রী যথেষ্ট পরিমাণে মজুত রয়েছে। তাই জ্বালানি তেল সহ অন্যান্য নিত্য প্রয়োজনীয় পণ্য সামগ্রীর সংকট নিয়ে জনসাধারণকে অযথা আতঙ্কিত না হতে রাজ্য সরকারের পক্ষ থেকে বিশেষভাবে অনুরোধ করা হয়। পাশাপাশি পশ্চিম এশিয়ার যুদ্ধ পরিস্থিতিতে রাজ্যে পণ্য সামগ্রীর সংকটের আশঙ্কা সংক্রান্ত গুজব ছড়িয়ে বিভ্রান্তি সৃষ্টি না করার জন্যও সরকারের পক্ষ থেকে সাধারণ মানুষের কাছে অনুরোধ জানানো হয়।

Dol Utsab :

তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে কুমারঘাট মহকুমা ভিত্তিক দোল উৎসব গতকাল লক্ষ্মীনারায়ণ মন্দিরে উদযাপিত হয়েছে। অনুষ্ঠানের উদ্বোধন করেন উনকোটি জিলা পরিষদের সহকারী সভাপতি সন্তোষ ধর। মোহনপুর মহকুমা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের উদ্যোগে তুলাবাগানস্থিত কৃষ্ণ মন্দিরে মোহনপুর মহকুমাভিত্তিক দোল উৎসব অনুষ্ঠিত হয়। উদ্বোধন করেন পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সদস্য জয়লাল দাস।

Weather:

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে আকাশ অংশত মেঘলা থাকবে। সকালের দিকে হালকা কুয়াশা ছিল। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩২ ডিগ্রির কাছাকাছি। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৮.৫ ডিগ্রি সেলসিয়াস।
